৩৭/

দৈনিক সংবাদ

৫৩

তারিখ ... 3 .1 JAN 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# ঢাকা ভার্সিটি ও মেডিক্যালে ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

একজন ছাত্রের মৃত্যুর ঘটনার প্রতিবাদে গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালিত হয়। অপরদিকে এই ঘটনাকে কেন্দ্র করে জরুরী বিভাগে ভাঙচুর এবং ডাক্তার ও নার্সদের সঙ্গে দুর্ব্যবহারের প্রতিবাদে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালেও প্রতীক ধর্মঘট হয়।

গত বৃহস্পতিবার ট্রেনের ধাক্কায় আহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ইউসুফ আলী শেখকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার পর সে মারা যায়। ছাত্ররা জানায়, ডাক্তারদের 'অবহেলা'র কারণে তার মৃত্যু হয়েছে। এর প্রতিবাদে গতকাল সাধারণ ছাত্রছাত্রীরা ধর্মঘট ডাকে। এ সময় বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি।

ভার্সিটি : পৃঃ ১২ কঃ ৫

## ভার্সিটি : ধর্মঘট

( ১ম পৃষ্ঠার পর )

ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের ডাক্তার, নার্স ও কর্মচারীরা গতকাল সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত প্রতীক ধর্মঘট পালন করেছেন। ধর্মঘট চলাকালে ডাক্তার, নার্স ও কর্মচারীরা কালোব্যাজ ধারণ করেন।

তারা ৪৮ ঘন্টার মধ্যে ঘটনার বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের দাবি জানিয়েছেন।

গতকাল ঘোষিত অন্যান্য কর্মসূচীর মধ্যে রয়েছে সংঘটিত সন্ত্রাসী ঘটনা সম্পর্কে সরকারী প্রেসনোট প্রকাশ, আগামীকাল সোমবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত প্রতীক ধর্মঘট পালন ও কালোব্যাজ ধারণ এবং সোমবার দুপুর ১২টায় সমাবেশ ও পরবর্তী কর্মসূচী ঘোষণা।

এদিকে ঐ সন্ত্রাসী ঘটনার নিন্দা জানিয়ে গতকাল ঢাকা মেডিক্যাল কলেজের সর্বদলীয় ছাত্রঐক্য ও ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ এবং বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন পৃথক পৃথক বিবৃতি দিয়েছে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র পরিবহন পরিষদের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ, ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ, ডাকসু নেতৃবৃন্দ ও পরিবহন পরিষদের নেতৃবৃন্দের মধ্যে একটি যৌথসভা হয়। সভায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরী বিভাগের অব্যবস্থা দূর এবং প্রয়োজনীয় ডাক্তার, নার্স ও সরঞ্জামের ব্যবস্থা করা হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়।

### আজ মিলাদ

আজ রোববার বাদ জোহর ইউসুফের আত্মার মাগফেরাত কামনা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হবে।